



মোঃ মাকরুজ্জামান  
উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েবসাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)



## “সংবাদ বিজ্ঞপ্তি”

### যথাযথ মর্যাদায় মোংলা বন্দরে জাতির পিতার জন্মবার্ষিকী ও শিশু দিবস-২০২২ উদযাপন

জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে দিনটি শুরু করে। বন্দরের সকল গুরুত্বপূর্ণ স্থাপনায় আলোকসজ্জা, জাতীয় পতাকা ও বন্দরের পতাকা যথাযোগ্য পর্যায়ে উত্তোলন করা হয়। মোংলা বন্দরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, শিশু বক্তার অংশগ্রহণে ভাষণ প্রতিযোগিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্ম তুলে ধরাসহ চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

১১:০০ ঘটিকায় বন্দরের সভাকক্ষে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচনা সভা এবং ডকুমেন্টারি ‘বায়োগ্রাফি অফ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান’ প্রদর্শন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বিশেষ অতিথি ছিলেন মোঃ ইমতিয়াজ হোসেন সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), এবং সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন) মোঃ শাহীনের আলম। এছাড়াও সভায় সভায় উপস্থিত ছিলেন বিভাগীয় প্রধানগণ, অফিসার এ্যাসোসিয়েশন, সিবিএ নেতৃবৃন্দসহ বন্দরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

আলোচনা সভায় রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ জাতির পিতাকে শ্রদ্ধাভরে স্মরণ করে বলেন, “বঙ্গবন্ধু ভেবেছিলেন দেশের জন্য দেশের মানুষের জন্য, স্বপ্ন দেখেছিলেন মুক্তি, সংগ্রাম ও স্বাধীনতার। তাঁর আদর্শকে ধারণ ও তুলে ধরতে হবে। বঙ্গবন্ধু আমাদের স্বপ্ন দেখতে শিখিয়েছেন তাঁর সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নে বন্দর উন্নয়ন তথা দেশের উন্নয়নে আমাদের যার যার স্থান থেকে কাজ করতে হবে।

এছাড়াও মোংলা বন্দরের আওতাধীন মসজিদ/ধর্মীয় উপসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করা হয় এবং মোংলা বন্দর হাসপাতালে ভর্তিরত রোগীদের উন্নতমানের খাবার সরবরাহ/পরিবেশন করা হয়।

উপসচিব